

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৮৯

খোয়াই, ২ নভেম্বর, ২০২৪

খোয়াইয়ে তামাক নিয়ন্ত্রণে সভা

খোয়াই জেলা প্রশাসনের সভাকক্ষে সম্প্রতি খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত) এর সভাপতিত্বে খোয়াই জেলা ভিত্তিক তামাক নিয়ন্ত্রণ বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত) বলেন, তামাক ব্যবহারের কুফল সম্পর্কে সকলকে সচেতন করে তুলতে হবে। এজন্য তিনি সর্বত্র প্রচার অভিযান সংগঠিত করার আহ্বান জানান। এছাড়া রিসোর্স পার্সন ডাঃ অরূপ রায়বর্মণ ও জেলা স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের ডিপিএম প্রণয় কুমার দেববর্মা তামাক নিয়ন্ত্রণ আইন নিয়ে বিস্তারিত আলোচনা করেন। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সদস্য সোমা দেবনাথ, চম্পকলতা রুদ্রপাল, বিজয়া দেববর্মা, উমাশুল্ক বৈদ্য সহ অতিরিক্ত জেলাশাসক সুমিত কুমার পাণ্ডে ও খোয়াই হেলথ এসোসিয়েশনের আধিকারিক সুজিৎ ঘোষ, ডিএসপি বিনয় কুমার গোপ সহ শিক্ষা, স্বাস্থ্য, আরক্ষা, ক্রীড়া দপ্তরের জেলাস্তরের আধিকারিক ও কর্মীগণ।

\*\*\*\*\*